কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের দলিল (জাতীয়)

For Procurement ofGoods

(Request for Quotation Method)

# “Digital Attendance System and Accessories for More than 100 users” সরবরাহ ও স্থাপন সংক্রান্ত পুনঃ দরপত্র

ISO 9001:2015 Certified

## বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২

২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া

কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিলের ব্যবহার নির্দেশিকা

১. কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিল (এসআরএফকিউ) ব্যবহার করে স্বল্পমূল্যের সাধারণ ও সহজলভ্য পণ্য, ইতোমধ্যে প্রস্তুত সেলফে মজুদকৃত পণ্য এবং সংশ্লিষ্ট সেবাক্রয়ের জন্য কোটেশনের দলিল প্রস্তুতিতে ক্রয়কারীকে সহায়তা প্রদানের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক এ নির্দেশনাবলী প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬-এর সম্পূরক হিসেবে প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর প্রতি মনোযোগ আকর্ষন করা হলো, যা সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর ওয়েবসাইট (website: http://www.cptu.gov.bd)-এ প্রাপ্তিসাধ্য করা হয়েছে। ক্রয়কারী এবং কোটেশনদাতা উভয়ের জন্য এই নির্দেশনাবলী অনুসরণীয় হবে।

২. কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) (RFQM) অধীনে ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৩২ এর সংস্থান অনুযায়ী জারিকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ থেকে ৭৩-এর বিধানবলী অনুসরণ করতে হবে। কোটেশন প্রদানের আদর্শ অনুরোধজ্ঞাপনপত্র (এসআরএফকিউ) সর্বোত্তম জাতীয় চর্চার/অনুশীলনের উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে, যা ক্রয়ের সুনির্দিষ্ট চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

৩. ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৬৯(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীনে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য একজন কোটেশনদাতা (সরবরাহকারী) নির্বাচনের ক্ষেত্রে কোটেশন প্রদানের আদর্শ অনুরোধজ্ঞাপন দলিল (এসআরএফকিউ) (পিজি ১) ব্যবহার করবে।

৪. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(১) এবং ৭১(২) অনুসারে চিঠি, ফ্যাক্স এবং ইলেকট্রনিক মেইলের মাধ্যমে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) আহবান করতে হবে। কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) পত্র আহ্বানে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হবে না, কিন্তু ন্যূনতম প্রচারের জন্য ক্রয়কারী বিজ্ঞাপন তার নোটিশ বোর্ডে টাঙানোসহ ওয়েবসাইটে (যদি থাকে) প্রকাশ করবে এবং প্রচারের জন্য অনুরোধ করে কাছাকাছি অন্যান্য ক্রয়কারী সংস্থার প্রশাসনিক বিভাগের নিকট পাঠাবে।

৫. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন দলিল (আরএফকিউ) সম্ভাব্য কোটেশনদাতাদের বিনামূল্যে প্রদান বা প্রাপ্তিসাধ্য করতে হবে।

৬. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুযায়ী কোটেশন আহবানের তারিখ হইতে দাখিলের সময়সীমা অনধিক ১০ (দশ) দিনের বেশি হবে না।

৭. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ বিধি ৭০(৬) অনুসারে কোনো কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হবে না।

৮. কোটেশন দাখিল, উন্মুক্তকরণ এবং মূল্যায়ন যথাক্রমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৭২(১), বিধি ৭২(২) এবং বিধি ৭৩(১) অনুসারে করতে হবে, যা কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্রে (আরএফকিউ) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে।

৯. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০(৪) অনুসারে মূল্যায়নের নির্ণায়কসমূহ কোটেশন জ্ঞাপনের দলিলে অন্তর্ভুক্ত থাকবে।

১০. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৫) অনুসারে ইতোমধ্যে প্রস্তুতকৃত স্বল্পমূল্যের সহজলভ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবার কোটেশন সাধারণত 'একক দর' এর ভিত্তিতে হবে।

১১. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিনির্দেশ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ২৯ অনুসারে প্রণয়ন করতে হবে।

১২. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৪)(ক) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতি প্রয়োগের জন্য বৃহদাকার ক্রয়কে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা যাবে না।

১৩. মূল্যায়ন কমিটির সুপারিশ এবং তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩(৫) অনুসারে সফল কোটেশনদাতার অনুকূলে ক্রয় আদেশ জারি করবে।

১৪. ওয়ারেন্টির সময়সীমা প্রযোজ্য ক্ষেত্রে সাধারণতঃ ৩ থেকে ৬ মাস পর্যন্ত রাখা যেতে পারে।

১৫. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪৩ অনুসারে ক্রয়কারীকে অধিকন্তু: ক্রয় প্রক্রিয়াকরণের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২
Bogura Palli Bidyut Samity-2
২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া।
E-mail : bograpbs2@gmail.com, Web: pbs2.bogra.gov.bd

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.১০৮৫.৫৭৪.০১.০৩৮.২৫. 2667 তারিখঃ ১২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জুন ২০২৫ খ্রিঃ

বিষয়ঃ "Digital Attendance System and Accessories for More than 100 users" সরবরাহ ও স্থাপন সংক্রান্ত কোটেশন প্রদানের পুনঃ অনুরোধ জ্ঞাপন দরপত্র (RFQ)।

প্রতি,

---------------------------------
---------------------------------
---------------------------------

১. সিনিয়র জেনারেল ম্যানেজার, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য "Digital Attendance System and Accessories for more than 100 users" সরবরাহ ও স্থাপন এর জন্য সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ বাংলাদেশের প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) পুনঃ দরপত্র আহ্বান করা যাচ্ছে।

২. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েবসাইট pbs2.bogra.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৩. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতা প্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫নং অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে সিনিয়র জেনারেল ম্যানেজার, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া এর রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্যসম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৫. সিলমোহরকৃত খাম আগামী ০৩/০৭/২০২৫ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়ায় দাখিল করতে হবে। কোটেশনের খামে "Digital Attendance System and Accessories for more than 100 users" সরবরাহ ও স্থাপন এর জন্য কোটেশন এবং আগামী ০৩/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্ট ভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৬. Licence for Digital Time Attendance Software: 10 Devices

৭. Tenderer Must Submit Manufacturer Authorization Letter for Digital Time Attendance Device, Digital Time Attendance Software and UTP Cat 6 Cable.

৮. প্রাপ্ত দরপত্র সমূহ ০৩/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েবসাইট pbs2.bogra.gov.bd এ দেখা যাবে।

৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১০. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৩ এ বর্ণিত স্থানের যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

D:\Alim CO\Tender2\RFQ Notice- New.docx

গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে মালামাল গ্রহণ করা হবে। সন্তোষজনকভাবে "Digital Attendance System and Accessories for more than 100 users" সরবরাহ ও স্থাপন এরপর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্যকর (প্রযোজ্যক্ষেত্রে) কর্তন করা হবে।

১২. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণ স্বরূপ হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিল পত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫. উদ্ধৃত এককদর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গানিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৬. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৭. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশশতাংশ) এর অধিক হবে না।

১৮. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

১৯. বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

26.06.25
(দেব কুমার মালো)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)

১। পরিচালক, পবিস মনিটরিংও ব্য: প: (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
৩। জেলা প্রশাসক, বগুড়া।
৪। পুলিশ সুপার, বগুড়া।
৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ---------------------------------পবিস-১/২/৩/৪।
৬। নিবাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, বগুড়া।
৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, বগুড়া।
৮। ডেপুটি জেনারেল ম্যানেজার-কারিগরী/ধুনট/গাবতলী/সোনাতলা/সারিয়াকান্দি/শেরপুর জোনাল অফিস, বগুড়া পবিস-২।
৯। সহ-জেনারেল ম্যানেজার-ইএন্ডসি/সদস্য সেবা/ওএন্ডএম/অর্থ/আইটি/প্রশাসন, বগুড়া পবিস-২।
১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট pbs2.bogra.gov.bd, বগুড়া পবিস-২।

26.06.25
(দেব কুমার মালো)
সিনিয়র জেনারেল ম্যানেজার

D:\Airin CO\Tender2\RFQ Notice- New.docx

কোটেশন দাখিল পত্র

(প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন)

কোটেশন নম্বর:২৭.১২.১০৮৫.৫৭৪.০১.০৩৮.২৫.২৮৮৭ তারিখ: ২৬/০৬/২০২৫ খ্রিঃ

প্রতি,
সিনিয়র জেনারেল ম্যানেজার
বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২
২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য সরবরাহের শর্তাবলী অনুসারে Digital Attendance System and Accessories for More than 100 users সরবরাহ ও স্থাপন করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য ------------------------------------টাকা, (কথায় ------------------------------------------------------------------------------------------------------------------------)

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশ এবং এর মাধ্যমে চুক্তি সম্পাদিত হলে তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখঃ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বর:২৭.১২.১০৮৫.৫৭৪.০১.০৩৮.২৫.২৮৮৭

তারিখ: ২৬/০৬/২০২৫ খ্রিঃ

| ক্র: নং | আইটেমের বিবরণ | একক | পরিমাণ | একক/দর মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | Digital Attendance Device | Nos | 03 | | | | প্রধান কার্যালয়, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া। |
| ২ | Digital Attendance System Software | Nos | 01 | | | | |
| ৩ | Power Adapter | Nos | 03 | | | | |
| ৪ | UTP Cat6 Cable | Box | 01 | | | | |
| ৫ | Accessories (Connector, PVC Pipe, Channel, Power Cable, Socket etc) | Lot | 01 | | | | |
| ৬ | Installation and configuration | Job | 01 | | | | |

| | | |
|---|---|---|
| সরবরাহকৃত পণ্যের মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সব ধরনের ট্যাক্সসহ নিম্নোক্ত ২ নং নোট দেখুন) | অংকে | |
| | কথায় | |
| পত্র প্রেরণের ঠিকানা | বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া। | |
| মোট মূল্য টাকায় (কথায়) | | |
| প্রস্তাবিত সরবরাহ (সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন, ক্রয় আদেশ জারির তারিখ থেকে) | | |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) ( পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সম্পাত অথবা দিন লিখুন) | | |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে।
আমার/আমাদের প্রস্তাব..................(দিন/মাস/বছর) সময় পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

টীকা:
১. কলাম ৫,৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২.যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | - | স্পেসিফিকেশন সংযুক্ত | পণ্যের আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হবে। | - | - |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

# BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD (BREB)
## PEOPLES REPUBLIC OF BANGLADESH
## STANDARD FOR
## Digital Attendance System and Accessories

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ * বগুড়া *

SL NO: 1

Item Description: Specification of Digital Attendance Device

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Brand | To be mentioned by the bidder | |
| 2 | Model | To be mentioned by the bidder | |
| 3 | Country of Origin | To be mentioned by the bidder | |
| 4 | Country of Manufacturer | To be mentioned by the bidder | |
| 5 | Fingerprint Capacity | Minimum 3,000 templates | |
| 6 | Card Capacity | Minimum 5,000 ID/IC/HID Prox cards (optional) | |
| 7 | Transaction Log | Minimum 100,000 records | |
| 8 | Sensor Technology | Same Brand Optical Sensor with infrared detection | |
| 9 | Display | 2.4" TFT LCD color screen | |
| 10 | Keypad | 4×4 touch keypad | |
| 11 | Communication Protocols | TCP/IP, RS-232/485, USB-host Wiegand In/Out | |
| 12 | Wiegand Signal | Input, Output,SRB | |
| 13 | Access Hardware Interface | 3rd Party Electric Lock, Door Sensor, Exit Button, Alarm, Doorbell | |
| 14 | Functions | Anti-passback, DST, record query | |
| 15 | Optional Functions | ID/Mifare/HID Prox card reader, RS485 fingerprint reader, HTTPS support | |
| 16 | Power Requirements | 12 V DC, 3 A | |
| 17 | Operating Conditions | Temperature: 0–45°C; Humidity: 20–80% | |
| 18 | Dimensions | 80 × 183 × 42 mm | |
| 19 | CPU Platform | Board at 1.2 GHz (enhanced firmware platform) (Board to be mentioned by bidder) | |
| 20 | Compatibility | Standalone operation or integrated with same brand software | |
| 21 | Warranty | One Year Standard Warranty | |

15.06.2025
জিয়াউল ইসলাম
পরিচালক (কারিগরি) (চ.দা.),
আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
এবং সদস্য সচিব স্পেসিফিকেশন ও
প্রাক্কলন কমিটি

15.06.2025
সাদ্দাম হোসেন
পরিচালক(অর্থ),
অর্থ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এবং
সদস্য স্পেসিফিকেশন ও প্রাক্কলন
কমিটি

15/06/2025
পরিতোষ সূত্রধর
পরিচালক(কারিগরি),
সিস্টেম অপারেশন পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা এবং সদস্য
স্পেসিফিকেশন ও প্রাক্কলন কমিটি

15/06/25
মোঃ শাহজাহান আলী
পরিচালক(কারিগরি),
ম্যাটেরিয়াল প্ল্যানিং এন্ড স্ট্যান্ডার্ড
স্পেসিফিকেশন (এমপিএসএস) পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা এবং সদস্য স্পেসিফিকেশন
ও প্রাক্কলন কমিটি

15/06/25
কে.এম. নঈম খান
অতিরিক্ত প্রধান প্রকৌশলী,
(পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো,
ঢাকা এবং আহবায়ক স্পেসিফিকেশন
ও প্রাক্কলন কমিটি

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD (BREB)
PEOPLES REPUBLIC OF BANGLADESH
STANDARD FOR
Digital Attendance System and Accessories

SL NO: 2
Item Description: Specification of Digital Attendance System Software

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Brand | To be mentioned by the bidder | |
| 2 | Model | To be mentioned by the bidder | |
| 3 | Country Of Origin | To be mentioned by the bidder | |
| 4 | System Architecture | Web-based, designed for private cloud deployment | |
| 5 | Supported Devices | Standalone "Green Label" PUSH-protocol terminals via Ethernet/Wi-Fi/ GPRS/3G/4G | |
| 6 | Authentication Methods | Fingerprint, Face Recognition, Palm Recognition, RFID Card, PIN | |
| 7 | Database Compatibility | Default: PostgreSQL | |
| | | Supported: Microsoft SQL Server (2005–2022), MySQL 5.x/7+, Oracle 10g/11g/12c/19c | |
| | Platform & Server Requirements | | |
| 8 | OS | Windows Server (64-bit only): 2008/ 2012/ 2016/2019; Windows 8–11 | |
| 9 | CPU | Dual-core ≥ 2.4 GHz or Higher | |
| 10 | RAM | Minimum 4 GB (recommended 8 GB or higher) | |
| 11 | Storage | ≥ 100 GB free space, preferably on an NTFS partition | |
| 12 | Monitor Resolution | ≥ 1024×768 resolution | |
| 13 | Browser Compatibility | Chrome 33+, Internet Explorer 11+, Firefox 27+ | |

25.06.2025
জিয়াউল ইসলাম
পরিচালক (কারিগরি) (চ.দা.),
আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
এবং সদস্য সচিব স্পেসিফিকেশন ও
প্রাক্কলন কমিটি

25.06.2025
সাদ্দাম হোসেন
পরিচালক(অর্থ),
অর্থ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এবং
সদস্য স্পেসিফিকেশন ও প্রাক্কলন
কমিটি

25/06/2025
পরিতোষ সূত্রধর
পরিচালক(কারিগরি),
সিস্টেম অপারেশন পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা এবং সদস্য
স্পেসিফিকেশন ও প্রাক্কলন কমিটি

মোঃ শাহজাহান আলী
পরিচালক(কারিগরি),
ম্যাটেরিয়াল প্ল্যানিং এন্ড স্ট্যান্ডার্ড
স্পেসিফিকেশন (এমপিএসএস) পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা এবং সদস্য স্পেসিফিকেশন
ও প্রাক্কলন কমিটি

২৫/০৬/২৫
কে,এম,নঈম খান
অতিরিক্ত প্রধান প্রকৌশলী,
(পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো,
ঢাকা এবং আহবায়ক স্পেসিফিকেশন
ও প্রাক্কলন কমিটি

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD (BREB)
PEOPLES REPUBLIC OF BANGLADESH
STANDARD FOR
Digital Attendance System and Accessories

SL NO: 3
Item Description: Specification of Power Adapter

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Input Voltage | 100V-240V AC | |
| 2 | Output Voltage | DC 12V | |
| 3 | Output Current | 3A | |
| 4 | Connector Type | 2-pin DC power connector (barrel type) | |
| 5 | Recommended Adapter | 12V DC, 3A regulated switching power supply | |

15.06.2025
জিয়াউল ইসলাম
পরিচালক (কারিগরি) (চ.দা.),
আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
এবং সদস্য সচিব স্পেসিফিকেশন ও
প্রাক্কলন কমিটি

15.06.2025
সাদ্দাম হোসেন
পরিচালক(অর্থ),
অর্থ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এবং
সদস্য স্পেসিফিকেশন ও প্রাক্কলন
কমিটি

পরিতোষ সূত্রধর
পরিচালক(কারিগরি),
সিস্টেম অপারেশন পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা এবং সদস্য
স্পেসিফিকেশন ও প্রাক্কলন কমিটি

মোঃ শাহজাহান আলী
পরিচালক(কারিগরি),
ম্যাটেরিয়াল প্ল্যানিং এন্ড ষ্ট্যান্ডর্ড
স্পেসিফিকেশন (এমপিএসএস) পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা এবং সদস্য স্পেসিফিকেশন
ও প্রাক্কলন কমিটি

কে,এম,নঈম খান
অতিরিক্ত প্রধান প্রকৌশলী,
(পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো,
ঢাকা এবং আহবায়ক স্পেসিফিকেশন
ও প্রাক্কলন কমিটি

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD (BREB)
PEOPLES REPUBLIC OF BANGLADESH
STANDARD FOR
Digital Attendance System and Accessories

SL NO: 4

Item Description: Specification of UTP Cat6 Cable

| SL No | Name of Item | Technical Specifications and Standards | | Bidder's Response |
|---|---|---|---|---|
| 1 | Brand | To Be Mentioned By Tenderer | | |
| 2 | Model | To Be Mentioned By Tenderer | | |
| 3 | Country of Origin | USA/UK/EU or Equivalent | | |
| 4 | Category | Cat.6 | | |
| 5 | Reference standard | ISO/IEC11801, ANSI/TIA/EIA-568-C.2-D, IEC61156-5 EN50399, RoHS Compliant. | | |
| 6 | Conductor | Material | Solid-Bare Copper | |
| | | Structure AWG | 23 AWG | |
| 7 | Insulation | Material | HDPE | |
| | | Nominal OD | 1.0 ± 0.10 mm | |
| 8 | Twist | Direction | S | |
| 9 | Fillers | Material | PE | |
| 10 | Jacket | Thickness | 0.60 ± 0.10 mm | |
| | | Diameter | 6.30 ± 0.30 mm | |
| | | Material | PVC | |
| | | Color | Orange/Blue/Gray | |
| 11 | Jacket physical properties | Before aging | Tensile strength > 13.5 Mpa<br>Elongation > 150% | |
| | | After aging | Tensile strength > 12.5 Mpa<br>Elongation > 125% | |
| 12 | Cable length | 305m/Box | | |

15.06.2025
জিয়াউল ইসলাম
পরিচালক (কারিগরি) (চ.দা.),
আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
এবং সদস্য সচিব স্পেসিফিকেশন ও
প্রাক্কলন কমিটি

15.06.2025
সাদ্দাম হোসেন
পরিচালক(অর্থ) ,
অর্থ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এবং
সদস্য স্পেসিফিকেশন ও প্রাক্কলন
কমিটি

পরিতোষ সূত্রধর
পরিচালক(কারিগরি),
সিস্টেম অপারেশন পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা এবং সদস্য
স্পেসিফিকেশন ও প্রাক্কলন কমিটি

মোঃ শাহজাহান আলী
পরিচালক(কারিগরি),
ম্যাটেরিয়াল প্ল্যানিং এন্ড স্ট্যান্ডার্ড
স্পেসিফিকেশন (এমপিএসএস) পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা এবং সদস্য স্পেসিফিকেশন
ও প্রাক্কলন কমিটি

কে,এম,নঈম খান
অতিরিক্ত প্রধান প্রকৌশলী,
(পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো,
ঢাকা এবং আহবায়ক স্পেসিফিকেশন
ও প্রাক্কলন কমিটি

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২
২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া।

## Digital Attendance System and Accessories for More than 100 users সরবরাহ পূর্বখ স্থাপন করার জন্য ক্রয় আদেশ

ক্রয় আদেশ নম্বর: তারিখ:দিন/মাস/বছর

| | |
|---|---|
| কোটেশন নম্বর:..................... | তারিখ : দিন/মাস/বছর |
| প্রতি:<br>(সরবরাহকারীর নাম ও ঠিকানা) | |
| সরবরাহের তারিখ: | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: ...................টাকা (চুক্তি মূল্য) |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ....... তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্যের অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি।আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি।শর্তাবলীর সত্যায়িত অনুলিপি। |
| ক্রেতার জন্যঃ<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>বগুড়া পবিস-২ |
| তারিখঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. ‘চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিবসের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ পূর্বক স্থাপন কাজ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য.............................................................................. টাকা।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০৬ (ছয়) মাস।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়্যারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:
ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।
খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।
গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের রিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্যঃ<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>বগুড়া পবিস-২ | সরবরাহকারীর জন্যঃ<br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখঃ | তারিখঃ |